

MAJOR PHYSICAL EDUCATION 1ST SEMESTER

3.2.2. The Public Games,

Presented by Md Shamim Akhter
SACT Plassey College

রোমের জনগণের খেলাধূলা (The Public Games of Rome):

- রোম প্রজাতন্ত্রের প্রথম দিকে ধর্মীয় অনুষ্ঠানের অঙ্গ হিসাবেই খেলাধূলা অনুষ্ঠিত হত। ধীরে ধীরে সেগুলি ধর্মীয় অনুষ্ঠান ছাড়াও বিনোদন হিসাবে মানুষ অংশ নিতে থাকে। তখনকার দিনে বেশির ভাগ মানুষ ছিল বেকার, অবসাদগ্রস্ত অথবা ক্লান্ত; তাই ওই খেলাধূলাগুলি তাদের জন্য অন্তহীন আনন্দ ও বিনোদনের ক্ষেত্র তৈরী করেছিল। ধীরে ধীরে খেলাধূলা ও ক্রীড়া বৈচিত্র্যপূর্ণ ও প্রাচুর্যময় হয়ে দাঁড়ালো এবং সমগ্র রোম সাম্রাজ্য জুড়ে ছড়িয়ে পড়ল।

রোমের জনগণের খেলাধূলা.....

- প্রাচীন রোমে কোনো উৎসব একদিনের বেশি অনুষ্ঠিত হত না। প্রজাতন্ত্রের অবসানের সময় আটটি প্রধান উৎসব ছিল এবং সেগুলি ৭৬দিন ব্যাপী অনুষ্ঠিত হত। সম্রাটের শাসনকালে বারোয়ারী খেলাধূলার জন্য প্রতি বছর ১৭৫ দিন ব্যয় করা হত। সেগুলি ছিল সরকারিভাবে ছুটির দিন। এছাড়াও বেসরকারিভাবে অনুষ্ঠিত অনেক উৎসব ছিল। রোমানরা কিছু খেলাধূলাকে বলত লুডি, যেগুলি মানুষ চরম বিনোদনের বস্তু হিসাবে গ্রহণ করেছিল। এইরূপ বারোয়ারী খেলাধূলার মধ্যে অন্যতম ছিল রথ ও ঘোড়দৌড়, কালো দ্বৈরথ বা গ্লাডিটোরিয়াল কাম্ব্যাট, বন্য পশুর লড়াই, নৌযুদ্ধের মহড়া এবং ক্রীড়া প্রতিযোগিতা। এইরূপ খেলাধূলার দুটি প্রধান স্থান ছিল ‘কলোসিয়াম’ ও ‘সার্কাস ম্যাক্সিমাস’। সমগ্র রোম জুড়ে বিভিন্ন স্থানে সেগুলি নির্মিত হয়েছিল। ‘কলোসিয়াম’ বলতে বোঝাতো একটি সুবিশাল অ্যাম্ফিথিয়েটার, যা নির্মিত হয় খ্রিষ্টপূর্ব ৮০ শতকে। এখানেই নৌযুদ্ধের মহড়া, গ্লাডিটোরিয়াল কাম্ব্যাট ও বন্যজন্তুর লড়াই প্রভৃতি অনুষ্ঠিত হত।

রোমের জনগণের খেলাধূলা.....

- রোমের বিভিন্ন প্রকার বারোয়ারী খেলার মধ্যে একটি খেলা প্রচুর লোক টানতো, সেটি হল মানুষে পশুতে লড়াই বা একদল মানুষের সঙ্গে একদল পশুর লড়াই। কখনো কখনো বাড়তি আনন্দ উপভোগ করার জন্য খর্বাকার পুরুষ ও মহিলাদের মধ্যে লড়াই-এর আয়োজন করা হত। এইরূপ লড়াই বা দ্বৈরথকে বলা হত 'গ্লাডিটোরিয়াল কম্ব্যাট'। যা কালো দ্বৈরথ নামে পরিচিত ছিল। এই লড়াইতে অংশগ্রহণকারীদের বলা হত গ্লাডিয়েটর। গ্লাডিয়েটররা লড়াই শুরুর আগে সম্রাটকে অভিবাদন জানাত এবং বলত “হে সিজার, আমরা তোমায় অভিবাদন জানাই। আমরা হলাম তারাই, যারা মৃত্যুর জন্য প্রস্তুত।” হিংস্র পশুর সঙ্গে লড়াই করতে করতে যে গ্লাডিয়েটর মৃত্যু মুখে পতিত হত, সে সম্রাটের কাছে প্রাণ ভিক্ষা চাইত। সম্রাট ও দর্শকরা হাতের বৃদ্ধাঙ্গুল নিম্নমুখী বা উর্দ্ধমুখী করার মাধ্যমে তার পরিণতি ঠিক করত। নিম্নমুখী বৃদ্ধাঙ্গুল করার অর্থ হল মৃত্যু এবং উর্দ্ধমুখী বৃদ্ধাঙ্গুল করার অর্থ হল জীবনভিক্ষা।

রোমের জনগণের খেলাধূলা.....

- বন্যপশুর সঙ্গে মানুষের লড়াইতে সাধারণত দাস ও অপরাধীদের ব্যবহার করা হত। কিন্তু পরবর্তীকালে কিছু দরিদ্র ও কর্মহীন মানুষও এই খেলায় অংশ নিতে থাকে। সাধারণত খাদ্য ও সম্ভাব্য পুরস্কার মূল্যের জন্যই তারা এইরকম ঝুঁকিপূর্ণ কাজ করতে এগিয়ে আসত। তবে তারা পেশাগত প্রশিক্ষণও গ্রহণ করত এবং এই প্রশিক্ষণ সরকারিভাবে বা বেসরকারিভাবেও দেওয়ার ব্যবস্থা ছিল।
- 'পশু লড়াই' রোমানদের অপর একটি অন্যতম প্রধান বিনোদন ছিল। পৃথিবীর বিভিন্ন স্থান থেকে সিংহ, হাতি, গন্ডার, চিতাবাঘ, উট, বলগা হরিণ, ভালুক, জিরাফ, বুনো ষাঁড়, বুনো গাধা, ঘোড়া, জেব্রা এমনকি উটপাখিও ধরে নিয়ে আসা হত। এইরূপ পশুপাখিদের পরস্পর লড়িয়ে দিয়ে বা এদের সঙ্গে মানুষের লড়াই দেখে রোমানরা প্রচুর আনন্দ উপভোগ করত। এইরূপ একটি ঐতিহাসিক নিদর্শন হিসাবে জানা যায় যে সম্রাট ট্রোজান-এর ফিরে আসার উৎসব উদ্যাপনের জন্য ১১,০০০ বন্য জন্তু ধরা হয় এবং সম্রাট টাইটাসের এই উৎসবে একদিনে ৫০০০ জন্তু মারা যায়।

রোমের জনগণের খেলাধূলা.....

- ৩২৯ খ্রিষ্টপূর্বাব্দে রোমে তৈরী হয় বিখ্যাত সার্কাস ম্যাক্সিমাস, যা রোমের প্রথম রেসকোর্স বা ঘোড়দৌড়ের স্থান হিসাবে চিহ্নিত আছে। এই স্থানটি ঘোড়ার খুরের আকৃতি বিশিষ্ট এবং ২০০০ ফুট লম্বা ও ৬০০ ফুট চওড়া। এখানে একসঙ্গে ২ লক্ষ ৫০ হাজার মানুষ বসে ঘোড়দৌড়ের আনন্দ উপভোগ করত। ঐতিহাসিক নিদর্শন থেকে জানা যায় সার্কাস ম্যাক্সিমাসে প্রকৃতপক্ষে ঘোড়ায় টানা রথ দৌড়ের প্রতিযোগিতা হত। রথ চালকরা সাধারণত দরিদ্র নিম্নবর্গের পরিবার থেকে আসত। কোনো কোনো ক্রীতদাস স্বাধীন হবার পর রথ চালনার কাজ করত। রথ চালনায় বিজয়ী হলে এরা প্রচুর অর্থ পুরস্কার হিসাবে লাভ করত। ক্রীড়া প্রতিযোগিতা রোমানদের মধ্যে তেমন জনপ্রিয় ছিল না। তারা কলোসিয়াম ও সার্কাস ম্যাক্সিমাসকে যেমন পছন্দ।

রোমের জনগণের খেলাধূলা.....

- করত, খালি পায়ে দৌড়, লাফ ও নিক্ষেপ জাতীয় বিষয়গুলি তাদের তেমন পছন্দের ছিল না। তাই ক্রীড়া প্রতিযোগিতার বিষয় পরিবর্তন করে রাখা হয়েছিল কুস্তি, মুষ্টিযুদ্ধ এবং প্যানক্রোসিয়াম। মুষ্টিযুদ্ধের সময় হাতে পরিধান করা হত সেস্টাম, যার সঙ্গে দস্তা ও লোহা লাগানো থাকত।
- ক্রীড়া প্রতিযোগিতার প্রতিযোগীরা বেশির ভাগই হত গ্রিক এবং রোমের জনগণ বসত দর্শকাসনে। তবে যে গ্রিকরা এখানে প্রতিযোগিতায় অংশ নিত, তারা রোমান আদর্শে অনুপ্রাণিত হয়ে পেশাদার হিসাবে অর্থ উপার্জন করত। এর জন্য প্রতিযোগীরা বিশেষ প্রশিক্ষণ নিত ও আদর্শ খাদ্য গ্রহণ করত।